

কারার ঐ লৌহ কপাট,
ভেঙে ফেল কর রে লোপাট
রক্ত-জমাট শিকল-পূজার পাষণ-বেদী।
ওরে ও তরুণ ঈশান!
বাজা তোর প্রলয় বিষাণ!
ধ/বংস-নিশান উড়ুক প্রাচীর প্রাচীর ভেদী ॥
গাজনের বাজনা বাজা!
কে মালিক? কে সে রাজা?
কে দেয় সাজা, মুক্ত স্বাধীন সত্য কে রে?
হা হা হা পায় যে হাসি,
ভগবান পরবে ফাঁসি?
সর্বনাশী শিখায় এ হীন তথ্য কে রে?